

১. তাহেরাদের বাড়িতে বছরে দু-বছরে একবার কে আসতেন?
২. বহির্পীর হাশেমকে ডেকে কী প্রশ্ন করেছিলেন?
৩. তাহেরার মা-বাবা কী জন্য বহির্পীরের সাথে তার বিয়ে দিলেন?
৪. “বিয়ের ব্যাপার কী আইন-মোকদ্দমা নাকি?”- কথাটি কে বলেছিলেন?
৫. বেড়ালের খাবার নিচে ইদুর ধরার যে ভাব সেটা কার মধ্যে পরিলক্ষিত হয়েছে?
৬. চর্যাপদ নৃত্য ও অভিনয় কোথায় পরিবেশিত হতো?
৭. নাটক কী?
৮. তাহেরা কোন কথাটা প্রকাশ করতে নিষেধ করল?
৯. জুলুম করলে আত্মহত্যার ভয় দেখাল কে?
১০. ‘কিন্তু বার্তাবাহককে যে দলহীন হতে হয়।’ এখানে বার্তাবাহক কে ছিলেন?
১১. ‘বহির ভাষাই আমার একমাত্র জবান’- এখানে ‘জবান’ শব্দটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?
১২. তাহেরা খোলা দরজায় তাকিয়ে কী সন্দেহ করেছিল?
১৩. বহির্পীর অপরের মাথায় সুরঙ্গ করে কী জানতে চান?
১৪. বাংলা নাটকের ইতিহাস কত বছরের?
১৫. ‘আমি সাঁতার জানি না, পানিতে ডুবে মরব’ - উক্তিটি কার?
১৬. হাতেম আলির জমিদারি ভেঙে গেলে হাশেমের কোন স্বপ্ন ভেঙে যাবে?
১৭. জিব্রাইলের মতো বহির্পীরের কাঁধের ওপর কে দাঁড়াইয়া ছিল?

চল্লিশ বছর বয়সের জব্বার হুজুরের সঙ্গে পনের বছর বয়সের জমিলার বিয়ে ঠিক হয়, যৌতুক দিতে হবে না। জব্বার হুজুর পরহেজগার মানুষ, এ জন্য জমিলার বাবা-মা বিয়েতে রাজি হয়েছে। জমিলা এ বিয়েতে রাজি নয়, তা জানতে পেরে গ্রামের ইদ্রিস মাস্টার কিছু সচেতন ছেলেদের সহায়তায় জমিলার বিয়ে বন্ধ করার ব্যবস্থা করে।

ক) কোথায় বজরা থামানো হয়েছিল?

খ) ওটা কত বড় গুনাহ তা বোঝ না? ব্যাখ্যা কর।

গ) উদ্দীপকের জমিলার সঙ্গে ‘বহির্পীর’ নাটকের কার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর।

ঘ) উদ্দীপকের ইদ্রিস মাস্টার ‘বহির্পীর’ নাটকের হাশেম আলীর চরিত্র ধারণ করতে পারে নি। বক্তব্যের সত্যাসত্য

নির্ণয় কর।